# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১২৭২

১৪/ ক্রয় বিক্রয় (كتاب البيوع عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ কোন মুসলিমের সম্পদ গ্রাস করার জন্য মিথ্যা শপথ করা।

## باب مَا جَاءَ فِي الْيَمِينِ الْفَاجِرَةِ يُقْتَطَعُ بِهَا مَالُ الْمُسْلِمِ

আরবী

حَدَّثَنَا هَنَّادٌ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، عَنِ الأَعْمَشِ، عَنْ شَقِيقِ بْنِ سَلَمَةَ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَنْ حَلَفَ عَلَى يَمِينٍ وَهُوَ فِيهَا فَاجِرٌ لِيَقْتَطِعَ بِهَا مَالَ امْرِئٍ مُسْلِمٍ لَقِيَ اللَّهَ وَهُوَ عَلَيْهِ غَضْبَانُ " . فَقَالَ الأَشْعَثُ بْنُ قَيْسٍ فِيَّ وَاللَّهِ لَقَدْ كَانَ ذَلِكَ كَانَ بَيْنِي وَبَيْنَ رَجُلٍ مِنَ الْيَهُودِ أَرْضٌ فَجَحَدَنِي فَقَدَّمْتُهُ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم فَقَالَ لِي رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " أَلَكَ بَيِّنَةٌ " . قُلْتُ لاَ . فَقَالَ لِلْيَهُودِيِّ " احْلِفْ " . فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ إِذًا يَحْلِفَ فَيَذْهَبَ بِمَالِي . فَأَنْزَلَ اللَّهُ تَعَالَى: (إِنَّ الَّذِينَ يَشْتَرُونَ بِعَهْدِ اللَّهِ وَأَيْمَانِهِمْ ثَمَنًا قَلِيلاً ) . إِلَى آخِرِ الآيَةِ . قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنْ وَائِلِ بْنِ حُجْرٍ وَأَبِي مُوسَى وَأَبِي أُمَامَةَ بْنِ ثَعْلَبَةَ الأَنْصَارِيِّ وَعِمْرَانَ بْنِ حُصَيْنٍ . وَحَدِيثُ ابْنِ مَسْعُودٍ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

১২৭২. হান্নাদ (রহঃ) ...... আবদুল্লাহ্ ইবনু মাসঊদ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, কসমের মাধ্যমে কোন মুসলিম ব্যক্তির সম্পদ গ্রাস করার উদ্দেশ্যে কেউ যদি মিথ্যা শপথ করে তবে সে আল্লাহ্ তা'আলার কাছে এভাবে উপস্থিত হবে যে, তিনি তার উপর ক্রোধান্বিত থাকবেন। সাহাবী আশআছ ইবনু কায়স রাদিয়াল্লাহু আনহু বলেছেন, আল্লাহর কসম, এই বিষয়টি আমার ক্ষেত্রেই ঘটেছিল। আমার ও জনৈক ইয়াহূদীর একখন্ড যমীন ছিল। কিন্তু সে আমার হক অস্বীকার করে বসে। তখন তাকে নিয়ে আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে পেশ করে দেই। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেন, তোমার কি কোন সাক্ষী আছে? আমি বল্লাম, না। তখন তিনি ইয়াহূদীকে বললেন, তুমি কসম খাও। আমি বললাম, ইয়া রাসূলাল্লাহ্ তা হলে তো সে কসম করেই বসবে আর আমার সম্পদ গ্রাস করবে। এ প্রসঙ্গে আল্লাহ্ তা'আলা নাযিল করলেনঃ إِنَّ الَّذِينَ يَشْتَرُونَ بِعَهْدِ اللَّهِ وَأَيْمَانِهِمْ ثَمَنًا قَلِيلاً

যারা আল্লাহর সঙ্গে কৃত প্রতিশ্রুতি এবং নিজদের কসমকে তুচ্ছ মূল্যে বিক্রয় করে। (আল-ইমরান ৩ঃ৭৭) - ইবনু মাজাহ ২৩২৩, তিরমিজী হাদিস নম্বরঃ ১২৬৯ [আল মাদানী প্রকাশনী]

এ বিষয়ে ওয়াইল ইবনু হুজর, আবূ মূসা, আবূ উমামা ইবনু ছা’লাবা আনসারী ও ইমরান ইবনু হুসাইন রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। ইবনু মাসঊদ রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান-সহীহ।

## English

Narrated 'Abdullah bin Mas'ud:

That the Messenger of Allah (ﷺ) said: "Whoever takes a false oath to deprive a Muslim of his wealth, he will meet Allah while He is angry with him."

Al-Ash'ath bin Qais said: "It is about me, by Allah! There was a dispute about some land between myself and a man from the Jews who denied my ownership of it, so I took him to the Prophet (ﷺ). The Messenger of Allah (ﷺ) said to me: 'Do you have any proof ?' I said: 'No'. So he said to Jew: 'Take an oath.' I said: 'O Messenger of Allah! If he takes an oath then my property will be gone!' So Allah, Most High revealed: Verily those who purchase a small gain at the cost of Allah's Covenant and their oaths.. until the end of the Ayah."

[Abu 'Eisa said:] There are narrations on this topic from Wa'il bin Hujr, Abu Musa, Abu Umamah bin Tha'labah Al-Ansari, and 'Imran bin Husain. The Hadith of Ibn Mas'ud is a Hasan Sahih Hadith.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=21690

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন